অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন প্রাণী শেল্টার উন্নয়ন প্রকল্পের জন্য 6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য হবে

কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ড হল প্রাণী শেল্টারে অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের সমর্থনে দেশের প্রথম স্টেট-অর্থায়িত প্রোগ্রাম

কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ডের চতুর্থ রাউন্ড নির্মাণ, সংস্কার ও সম্প্রসারণ প্রকল্পকে সমর্থন করে যাচ্ছে

প্রথমবারের মতো, যেসব সংগঠন ইতিমধ্যে প্রকল্প সম্পূর্ণ করে ফেলেছে তারা আবার আবেদন করার জন্য যোগ্য হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের প্রাণী শেল্টারে অতি জরুরি উন্নয়ন সমর্থনে 6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য আছে। এটি নিউ ইয়র্ক স্টেটের কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ডের (Companion Animal Capital Fund, CACF) জন্য চতুর্থ রাউন্ড অর্থায়ন, যা যোগ্য সংগঠনগুলিকে প্রাণী যত্ন ও স্বাস্থ্য বর্ধনে নিজেদের ফ্যাসিলিটি মুখ্য উন্নয়নের কাজে সাহায্য করে। প্রথমবারের মতো, এই প্রোগ্রামের মাধ্যমে পূর্বে অর্থ পাওয়া শেল্টার যারা তাদের প্রকল্প শেষ করে ফেলেছে, তারা আবার আবেদন করার যোগ্য হবে। উপরন্তু, তহবিলের একটি অংশ সেসব অঞ্চলের সংগঠনের জন্য নিবেদিত থাকবে যেখানে পোষা প্রাণীদের জন্য শেল্টার অপর্যাপ্ত।

"মহামারীর সময়, পোষা প্রাণী দত্তক নেওয়ার সংখ্যা আকাশ ছুঁয়েছে, যা প্রদর্শন করে যে মানুষ ও প্রাণী উভয়ের জন্য আমাদের পৃথিবীর প্রাণী যত্নের সংগঠনগুলি ঠিক কতটা গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ডের সর্বশেষ রাউন্ডটি নিউ ইয়র্কের শেল্টারগুলির বছরজুড়ে কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের তাদের নিকট থাকা প্রাণীদের সাহায্য করতে প্রয়োজনীয় যন্ত্র ও শক্তিসম্পদ প্রদানের মাধ্যমে শেল্টারগুলিকে আরো শক্তিশালী হতে সাহায্য করবে।"

আজকের ঘোষণার ফলে 2017 সাল এই প্রোগ্রামের জন্য নিবেদিত মোট অর্থের পরিমাণ দাঁড়ালো 20 মিলিয়ন মার্কিন ডলার।প্রোগ্রামটি শুরু হওয়ার পর থেকে, পুরো নিউ ইয়র্কে 41টি প্রকল্পকে অর্থ দেওয়া হয়েছে এবং 20টি প্রকল্প সম্পূর্ণ শেষ হয়েছে।

কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ড পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Department of Agriculture and Markets)। প্রোগ্রামটি মূলধন প্রকল্পের সাথে সংশ্লিষ্ট খরচ প্রদানের জন্য একই পরিমাণ অনুদান প্রদান করে, যার ফলে স্থানীয় শেল্টারে বসবাসরত প্রাণীরা আরো বেশি যত্ন পায় ও উন্নত পরিবেশে থাকতে পারে। তহবিল উপলভ্য যোগ্য ইনকর্পোরেটেড ও মিউনিসিপ্যাল প্রাণী শেল্টার, পাউন্ড, এবং হিউমেন সোসাইটির জন্য। অনুদান ব্যবহার করা যাবে আশ্রয়প্রাপ্ত কুকুর ও বিড়ালের থাকার জায়গা, চিকিৎসা ও যত্নের জন্য প্রয়োজনীয় ভবন ও সরঞ্জাম নির্মাণ, সংস্কার, পুনর্বাসন বা জোগাড় করার জন্য।

দুইটি আবেদনের অনুরোধ (Requests for Proposals, RFPs) প্রকাশ করা হয়েছে এই প্রোগ্রামের চতুর্থ রাউন্ডের জন্য:

- **RFP 0255:**
    - মিউনিসিপ্যাল ও ইনকর্পোরেটেড অলাভজনক পাউন্ড, শেল্টার, এবং হিউম্যান সোসাইটি যেগুলি কোনো মিউনিসিপ্যালিটি দ্বারা বা তাদের চুক্তির অধীনে পরিচালিত হয় তাদের 50,000 থেকে 500,000 মার্কিন ডলার অনুদান প্রদানের জন্য 4.25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে।
        - পূর্বের কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ড প্রাপ্ত এনটিটি এই RFP-র অধীনে আবার আবেদনের জন্য উপযুক্ত হবে। কোনো এনটিটি আবেদন করার পূর্বে তাদের পূর্বে অর্থায়িত প্রকল্প অবশ্যই সম্পূর্ণ করতে হবে।

- **RFP 0258:**
    - পাউন্ড, শেল্টার, এবং হিউম্যান সোসাইটি যেগুলি কোনো মিউনিসিপ্যালিটি দ্বারা বা তাদের চুক্তির অধীনে পরিচালিত হয় না কিন্তু ডিপার্টমেন্টের সাথে নিবন্ধিত আছে তাদের 50,000 থেকে 200,000 মার্কিন ডলার অনুদান প্রদানের জন্য 1.8 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে।

সকল আবেদনকারীকে অবশ্যই 25 জানুয়ারি, 2022 তারিখে বিকাল 4টার মধ্যে গ্রান্টস গেটওয়ে দ্বারা আবেদন করতে হবে। যোগ্যতা ও কিভাবে আবেদন করতে হবে সে ব্যাপারে আরো বিস্তারিত পাওয়া যাবে agriculture.ny.gov/funding-opportunities এ।

স্টেট কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্কের কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ড আমাদের স্টেটের প্রাণী শেল্টারগুলির জন্য সত্যিকারের পরিবর্তন এনে দেয়। আমরা এই অর্থায়ন চলমান থাকতে দেখে আনন্দিত ও গর্বিত কারণ এর দ্বারা আমরা প্রোগ্রামটির সফলতার উপর ভিত্তি করে কাজ করতে পারবো এবং নতুন বাড়ির অপেক্ষায় থাকা স্বাস্থ্যবান পোষা প্রাণীদের সমর্থন করতে থাকতে পারবো।"

নিউ ইয়র্ক এনিমেল প্রোটেকশন ফেডারেশনের (Animal Protection Federation) নির্বাহী পরিচালক লিবি পোস্ট বলেন, "এই বছরের কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ডের 5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান RFP যোগ করার ফলে, আমাদের স্টেটের প্রাণী শেল্টারের নেটওয়ার্কের জন্য স্টেটের মূলধন বিনিয়োগ 20 মিলিয়ন মার্কিন ডলার হল। ফেডারেশন

ধন্যবাদ জানাচ্ছে গভর্নর হোকল এবং বিধানসভায় আমাদের পক্ষে কথা বলা অ্যাসেম্বলি সদস্য ডেবোরা গ্লিক, স্টেট সিনেটর জোসেফ অ্যাডাব্বো, অ্যাসেম্বলি কৃষি কমিটির প্রধান ডোনা লুপার্ডো, এবং স্টেট সিনেটর কৃষি প্রধান মিশেল হিঞ্চিকে, যাদের প্রচেষ্টা ছাড়া বাজেটে তহবিলটির জায়গা নাও হতে পারতো। আমি দুইটি নতুন শেল্টার পরিদর্শন করেছি, কুপার্সটাউনে সাসকুয়েহানা সোসাইটি ফর দ্য প্রিভেনশন অফ ক্রুয়েল্টি টু এনিমেলস (Society for the Prevention of Cruelty to Animals, SPCA) এবং ব্রায়ারক্লিফের ওয়েস্টচেস্টারের SPCA, উভয়েই তাদের 500,000 মার্কিন ডলারের CACF অনুদানের অর্থ উত্তোলন করেছে এবং তাদের মূলধন ক্যাম্পেইন প্রচেষ্টার কাজ শুরু করেছে। শেল্টারগুলির অত্যাধুনিক ফ্যাসিলিটি গৃহহীন প্রাণীদের সম্ভাব্য সর্বোচ্চ যত্ন প্রদান করবে, তাদের সম্প্রদায়ে দত্তক গ্রহণকারীদের জন্য নতুন গন্তব্য সৃষ্টি করবে, এবং পুরো স্টেটে প্রাণী যত্নের জন্য নতুন স্ট্যান্ডার্ড তৈরি করবে। ফেডারেশনের শিক্ষা তহবিল (Education Fund) আরেকবার লেখকদের স্বল্প-ব্যয়ের অনুদান দিতে চায় যাতে আমাদের সদস্যরা RFP প্রক্রিয়া বজায় রাখতে পারে।"

স্টেট সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "কম্প্যানিয়ন এনিমেল অ্যাকশন ফান্ড একটি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম যা আমাদের স্থানীয় প্রাণী শেল্টারে অতি-প্রয়োজনীয় সমর্থন বৃদ্ধি করে, যারা প্রধানত ডোনেশন ও প্রাণীদের সর্বাধিক দুঃস্থ অবস্থায় তাদের ভালোবাসা ও যত্ন প্রদানকারী পরিশ্রমী স্বেচ্ছাসেবকদের উপর নির্ভরশীল। সিনেট কৃষি প্রধান হিসেবে, আমি স্টেটের বাজেটে এর পক্ষে কথা বলতে পেরে গর্বিত, এবং আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি অনুদান তহবিলের সর্বশেষ রাউন্ডে নিউ ইয়র্ক স্টেটের প্রাণী শেল্টারগুলিকে প্রদান করার জন্য যাতে করে তারা গৃহহীন সারাজীবনের বাড়ির অপেক্ষায় থাকা প্রাণীদের সর্বোচ্চ মানের সেবা প্রদান করতে পারে।"

অ্যাসেম্বলিওম্যান ডোনা লুপর্ডো বলেন, "নিউ ইয়র্কের শেল্টারগুলি দত্তকের জন্য অপেক্ষারত প্রাণীদের জন্য সেরা যত্ন প্রদান করে। কম্প্যানিয়ন এনিমেল ক্যাপিটাল ফান্ডটি শেল্টারগুলিতে অতি প্রয়োজনীয় উন্নয়নের জন্য অতি গুরুত্বপূর্ণ। নতুন, সম্প্রসারিত বা সংস্কারকৃত ফ্যাসিলিটি বিড়াল ও কুকুরদের সর্বোচ্চ মানের সেবা প্রদান অব্যাহত রাখতে শেল্টারগুলিকে সাহায্য করবে। আমি গভর্নর ও আমার সহকর্মীদের নিউ ইয়র্কের শেল্টারগুলি ও তারা যেসব সঙ্গী প্রাণকে সেবা দান করে তাদের প্রতি চলমান সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

নিউ ইয়র্ক রাজ্য প্রাণী সুরক্ষা ফেডারেশনের হিসেব অনুযায়ী প্রতি বছর 150,000-এরও বেশি প্রাণী এসব কেন্দ্রগুলোতে আনা হয় এবং এদের অনেকগুলোকেই নিউ ইয়র্কের বিভিন্ন পরিবার দত্তক নেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418